সর্বোচ্চ ৩২.২°
সর্বনিম্ন ২৬.৪°
শিলিগুড়ি
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৭০ শতাংশ

বুধবারের পূর্বাভাস - আংশিক মেঘলা আকাশ, হালকা বৃষ্টি হতে পারে।

আমার শহর

উত্তরবঙ্গ সংবাদ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তেরো

আর বাকি
১৪ দিন

মিড-ডে মিল কেলেঙ্কারিতে ব্যবস্থা নিচ্ছে পরিচালন কমিটি

নিউ জলপাইগুড়ি রেলওয়ে হাইস্কুল

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ স্কুলের মিড-ডে মিল কেলেঙ্কারির ঘটনায় নিউ জলপাইগুড়ি রেলওয়ে হাইস্কুলের পরিচালন কমিটি ব্যবস্থা নিচ্ছে। মঙ্গলবার কমিটির সভাপতি বিপ্লব খাসনবীশ বিষয়টি নিয়ে প্রধান শিক্ষকের সঙ্গে কথা বলেন। শীঘ্রই সভা ডেকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে বলে তিনি জানিয়েছেন। এনিয়ে শিলিগুড়ি পুরনিগমও কড়া হচ্ছে। তাদের পক্ষ থেকে যাবতীয় বিষয় শিক্ষা দপ্তরকে লিখিতভাবে জানানো হচ্ছে। নিউ জলপাইগুড়ি রেলওয়ে কলোনি হাইস্কুলের শিক্ষক-শিক্ষিকাদের একটা অংশও পুরো বিষয়টিতে ব্যাপক ক্ষোভ প্রকাশ করেছেন। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক বলেন, 'স্কুলে যে এমন কাণ্ড হয়েছে তা আমরা ঘুণাক্ষরেও টের পাইনি। যাঁরা ওই কাজের সঙ্গে যুক্ত তাদের কড়া শাস্তি হওয়া প্রয়োজন।'

নথিভুক্ত ছাত্রছাত্রীর তুলনায় চার মাসে স্কুলের প্রাথমিক ও উচ্চপ্রাথমিক বিভাগে ৬৬১৭ জন অতিরিক্ত পড়ুয়া দেখিয়ে তাদের জন্য বরাদ্দ মিড-ডে মিলের টাকা পুরনিগম থেকে স্কুল তুলে নেয় বলে অভিযোগ ওঠে। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হতেই পুকুর চুরির বিষয়টি সামনে আসে। মঙ্গলবার সেই খবর প্রকাশিত হতেই হইচই পড়ে যায়। পুরনিগম সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই আরও একটি স্কুলের হিসাবে ব্যাপক গরমিল ধরা পড়েছে। তবে তদন্ত চলায় এখনই ওই স্কুলের নাম প্রকাশ্যে আনতে পুরকর্তারা রাজি নন। তদন্তকারী এক আধিকারিক বলেন, 'মিড-ডে মিলের চাল মজুত নেই বলে ওই স্কুলটি হিসাব দিয়ে জানিয়েছে। ফলে নিজেরাই বাইরে থেকে চাল কিনে এনে ছাত্রছাত্রীদের খাওয়াচ্ছে বলেও জানায়। অথচ সংশ্লিষ্ট স্কুলে সরেজমিনে তদন্তে গিয়ে দেখা গিয়েছে সেখানে কয়েক কুইন্টাল চাল মজুত রয়েছে। আমরা সমস্ত হিসাবপত্র খতিয়ে দেখছি।'

প্রসঙ্গত, মঙ্গলবার উত্তরবঙ্গ সংবাদের ১৩-র পাতায় মিড-ডে মিলের বরাদ্দ নিয়ে অনিয়মের অভিযোগ সংক্রান্ত যে প্রতিবেদন প্রকাশিত হয় তাতে ভুলবশত 'নিউ জলপাইগুড়ি রেলওয়ে কলোনি প্রাথমিক বিদ্যালয়'-এর নাম ছাপা হয়েছে। ওই বিদ্যালয়ে মিড-ডে মিলের কোনো অনিয়ম হয়নি। যা অনিয়ম হয়েছে সবই জলপাইগুড়ি রেলওয়ে কলোনি হাইস্কুলে হয়েছে। প্রকৃতপক্ষে পুরনিগমের তদন্ত রিপোর্টে কিছু শব্দবন্ধনীর ব্যবহার এবং পুরকর্তাদের বক্তব্যের প্রেক্ষিতেই সমস্যা হয়েছে। তদন্তে রিপোর্টে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত 'প্রাথমিক স্কুল' হিসাবে যে তথ্যের উল্লেখ করা হয়েছে তা আদতে হাইস্কুলটির প্রাথমিক বিভাগ হবে।

ডেঙ্গু ঠেকাতে মেয়রের উদ্যোগের প্রশংসা পুজো উদ্যোক্তাদের

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ পুজোর দিনগুলিতে মণ্ডপে মণ্ডপে ডেঙ্গু নিয়ে সচেতনতামূলক প্রচার চালাতে পুরনিগমের পক্ষ থেকে মেয়র অশোক ভট্টাচার্য পুজো কমিটিগুলিকে অনুরোধ– চিঠি পাঠানোর কথা জানিয়েছিলেন। মেয়রের সেই আবেদনে সাড়া দিয়ে বিভিন্ন পুজো কমিটি এগিয়ে এল। অন্যদিকে, মেয়রের আবেদনের আগেই বহু কমিটি অবশ্য পুজোর দিনগুলিতে নিজেদের উদ্যোগে ডেঙ্গু নিয়ে প্রচারের পরিকল্পনা তৈরি করে ফেলেছে। তারা পুরনিগমের উদ্যোগের প্রশংসা করেছে। সেন্ট্রাল কলোনি দুর্গাপুজো কমিটি ইতিমধ্যেই নানা সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করেছে। কমিটি মহালয়ার দিন পুজোমণ্ডপে স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছে। কমিটির প্রধান উপদেষ্টা কাঞ্চন রায় বলেন, 'পুরনিগম যে উদ্যোগ নিয়েছে তা খুবই প্রশংসনীয়। তবে ওনারা অনুরোধ না করলেও আমরা ডেঙ্গু নিয়ে সচেতনতামূলক প্রচার চালাতাম। ডেঙ্গু ঠেকাতে সবাইকে সচেতন করতে আমরা পুজোর দিনগুলিতে মণ্ডপে এই সংক্রান্ত পোস্টার, ব্যানার লাগানোর পাশাপাশি লিফলেটও বিলি করব।' শক্তিগড় সর্বজনীন দুর্গাপুজো কমিটির উপদেষ্টা কৌশিক দত্ত বলেন, 'পুরনিগমের উদ্যোগকে সাধুবাদ। তবে ডেঙ্গু নিয়ে প্রচারের কর্মসূচি আমরা আগেভাগে তৈরি করেই রেখেছি। পুজোর দিনগুলিতে আমাদের মণ্ডপে অডিয়ো- ভিশুয়াল পদ্ধতিতে ডেঙ্গু নিয়ে সচেতনতামূলক প্রচার চালানো হবে।'

ডেঙ্গু ঠেকাতে কলেজপাড়া পুজো কমিটিও প্রচারমূলক কর্মসূচি নিয়েছে। কমিটির সম্পাদক তনুজ সিংহ বলেন, 'ডেঙ্গু নিয়ে পুজোর দিনগুলিতে প্রচার চালাব বলে আমরা ইতিমধ্যেই পরিকল্পনা করেছি। এজন্য মণ্ডপে পোস্টার, ব্যানার লাগানো হবে। অডিয়ো মাধ্যমেও প্রচার চালানো হবে। পুরনিগম যে উদ্যোগ নিয়েছে তাতে আমরা খুশি। এই উদ্যোগ আমাদের আরও উৎসাহিত করবে।'

রয়েছ নয়নে নয়নে॥

শিলিগুড়ির কুমোরটুলিতে তপন দাসের তোলা ছবি।

হরিজন যুবকদের স্বনির্ভর করার উদ্যোগ

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ হরিজন সম্প্রদায়ের যুবকদের স্বনির্ভর করে তোলার লক্ষ্যে উদ্যোগ নিল পুরনিগম। পুরনিগম সূত্রে খবর, এজন্য পাঁচটি সেসপুল কেনা হয়েছে। সেগুলি কেনার জন্য এসসি-এসটি ফিনান্স কর্পোরেশন ব্যাংক থেকে ৮৮ লক্ষ টাকা ঋণ নেওয়া হয়েছে। এছাড়া, ২৫ জন হরিজন যুবক মিলে পাঁচ লক্ষ টাকা দিয়েছেন। পুরনিগম সূত্রে আরও জানা গিয়েছে, পাঁচটি গ্রুপ করে ওই যুবকরা সেসপুলগুলি চালাবেন। যতদিন পর্যন্ত ব্যাংকের ঋণ শোধ না হবে, ততদিন পর্যন্ত হরিজন যুবকদের নিয়ে গঠিত পাঁচটি গ্রুপ আয়ের ৯০ শতাংশ টাকা নেবে। পরবর্তীতে পুরনিগম ৬০ শতাংশ টাকা নেবে। বাকি টাকা ওই গ্রুপগুলি পাবে। মঙ্গলবার পুরনিগমে দুটি গাড়ি নিয়ে আসা হয়েছে। বাকি তিনটি গাড়িও কয়েকদিনের মধ্যে চলে আসবে বলে মেয়র অশোক ভট্টাচার্য জানান। এদিন তিনি দুটি গাড়ির সূচনাও করেন। স্বরোজগার বিভাগের মেয়র পারিষদ শরদিন্দু চক্রবর্তী বলেন, 'এর ফলে সেসপুল নিয়ে সমস্যা ছিল, তা মিটে গেল। পুরনিগমের নির্দিষ্ট টাকায় গাড়িগুলি পাওয়া যাবে।'

মোটরবাইক ও পিকআপ ভ্যানের সংঘর্ষে মৃত এক

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ মোটরবাইক ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে এক যুবকের মৃত্যু হল। মঙ্গলবার দুপুরে ঘটনাটি ইস্টার্ন বাইপাসের ঠাকুরনগর এলাকায় ঘটেছে। পুলিশ সূত্রে খবর, মৃতের নাম বিশ্বজিৎ রায় (২০)। তিনি রাজগঞ্জ ব্লকের বিন্নাগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান ভারতী রায়ের ছেলে। বিশ্বজিৎ মোটরবাইকটির চালক ছিলেন। প্রত্যক্ষদর্শীরা পুলিশকে জানিয়েছেন, উলটোদিক দিয়ে আসা পিকআপ ভ্যানটি হঠাৎই মোটরবাইকটিতে ধাক্কা মারলে ঘটনাস্থলেই বিশ্বজিৎবাবুর মৃত্যু হয়। পিকআপ ভ্যানটির এক্সেল ভাঙা থাকায় পুলিশের ধারণা, চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছিলেন। তবে পুলিশ পিকআপ ভ্যানটির চালক দীপক ঘোষকে আটক করেছে। পুলিশ জানিয়েছে, মৃতদেহের পাশেই একটি হেলমেট পড়েছিল। তবে তা ওই যুবকের মাথায় ছিল কিনা, সে ব্যাপারে পুলিশ নিশ্চিত নয়। অভিযোগ, এই ঘটনার পরই স্থানীয় কিছু মানুষ পিকআপ ভ্যানটিতে থাকা চা পাতার বস্তাগুলি লুঠ করতে থাকে। কয়েকজন রুখে দাঁড়ানোয় অবশ্য গাড়িটিতে চা পাতার কিছু বস্তা অবশিষ্ট ছিল। খবর পেয়ে নিউ জলপাইগুড়ি থানার পাশাপাশি আশিঘর ফাঁড়ির পুলিশ এলাকায় আসে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে।

শিলিগুড়ি গেট নিয়ে উচ্চপর্যায়ের তদন্ত দাবি করলেন মেয়র

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ শিলিগুড়ি গেট নির্মাণের নকশায় ত্রুটি রয়েছে বলে খোদ উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ স্বীকার করেছেন। আর তাকে হাতিয়ার করেই শিলিগুড়ির মেয়র তথা বিধায়ক অশোক ভট্টাচার্য ওই নির্মাণ নিয়ে উচ্চপর্যায়ের তদন্ত দাবি করলেন। এ ব্যাপারে তিনি উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রীকে চিঠিও লিখেছেন। অশোকবাবুর বক্তব্য, ওই নির্মাণের ক্ষেত্রে শুধু নিছক অর্থ অপচয়ই করা হয়নি, গেট নির্মাণের সিদ্ধান্তটিই অপ্রয়োজনীয় ছিল।

প্রসঙ্গত, শিলিগুড়ি গেট নির্মাণের কাজ প্রায় এক বছরেরও বেশি সময় ধরে বন্ধ রয়েছে। এর মূলে নকশায় ত্রুটির বিষয়টিই উঠে এসেছে। খোদ উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ এই দাবি জানিয়েছেন। তাঁর বক্তব্য, যেভাবে ওই গেট তৈরি হচ্ছিল তা খুবই ভয়ের কারণ হয়ে দাঁড়িয়েছিল। যেকোনো সময় গেট হুড়মুড়িয়ে ভেঙে পড়ে বিপদ ঘটাতে পারত। এবিষয়ে নতুন করে সমীক্ষা করানো হয়েছিল বলেও মন্ত্রী জানিয়েছিলেন। গত ১১ সেপ্টেম্বর এনিয়েই উত্তরবঙ্গ সংবাদে প্রতিবেদন প্রকাশিত হয়। রবীন্দ্রনাথবাবুর সঙ্গে সহমত পোষণ করে মঙ্গলবার সাংবাদিক বৈঠক ডেকে শিলিগুড়ির মেয়র তথা বিধায়ক অশোক ভট্টাচার্য শিলিগুড়ি গেট নিয়ে উচ্চপর্যায়ের তদন্ত দাবি করলেন।

> নির্মাণের ক্ষেত্রে শুধু নিছক অর্থ অপচয়ই করা হয়নি, গেট নির্মাণের সিদ্ধান্তটিই অপ্রয়োজনীয় ছিল।
> — অশোক ভট্টাচার্য

> শিলিগুড়ি গেট নির্মাণের কাজ প্রায় এক বছরেরও বেশি সময় ধরে বন্ধ রয়েছে। এর মূলে নকশায় ত্রুটির বিষয়টিই উঠে এসেছে।

তাঁর বক্তব্য, পুলিশ কমিশনারেটের সামনে শিলিগুড়ি গেট নির্মাণের সিদ্ধান্ত যখন নেওয়া হয়েছিল, তাঁরা সেই সময়ই এর বিরোধিতা করেছিলেন। তিনি এদিন বলেন, 'এই গেট তৈরির সিদ্ধান্তটি অপ্রয়োজনীয় ছিল। প্রায় চার কোটি টাকার অপচয় করা হল। মানুষের কাছে তো এর কৈফিয়ত দিতেই হবে।' সরকারি নিয়ম মেনে ওই নির্মাণকাজের দায়িত্ব দেওয়া হয়েছিল কিনা তা নিয়েও মেয়র প্রশ্ন তোলেন। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রীকে চিঠি লিখে নিরপেক্ষ তদন্তেরও অশোকবাবু দাবি করেছেন। প্রসঙ্গত, গৌতম দেব যখন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী ছিলেন সে সময় এই নির্মাণের কাজ শুরু হয়েছিল। ওই গেট নিয়ে গৌতম দেবের সঙ্গে রবীন্দ্রনাথ ঘোষের ঠান্ডা লড়াই চলছে বলেও কেউ কেউ মনে করেন। সংশ্লিষ্ট মহলের ধারণা, অশোকবাবু এই লড়াইকে আরও কিছুটা উসকে দিলেন।

এদিন ডেঙ্গু নিয়ে নাম না করে মেয়র গৌতমবাবুর সমালোচনাও করেন। উল্লেখ্য, পর্যটনমন্ত্রী গৌতম দেব ডেঙ্গু নিয়ে পুরনিগমের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ তুলেছিলেন। তাঁর অভিযোগ ছিল, রাজ্য সরকার টাকা দিলেও পুরনিগম কোনো কাজ করছে না। অশোকবাবু দাবি করেন, পুরনিগম এখনও রাজ্যের কাছে ৩৩৩ কোটি টাকা পায়। সরকারি হাসপাতালেও কেন রক্ত পরীক্ষার রিপোর্ট পেতে সাতদিন সময় লাগছে বলে তিনি প্রশ্ন তোলেন। ডেঙ্গু নিয়ে এদিন পাঁচটি বরোর চেয়ারম্যান ও ওয়ার্ড সুপারভাইজারদের সঙ্গে অশোকবাবু বৈঠক করেন। তিনি বলেন, 'ওয়ার্ডস্তর থেকে ডেঙ্গু প্রতিরোধ গড়ে তুলতে আমরা সিদ্ধান্ত নিয়েছি।'

টোটোচালকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ এক টোটোচালকের অস্বাভাবিক মৃত্যু হল। মঙ্গলবার সকালে ফকদইবাড়ি এলাকায় নিজের বাড়ি থেকে ঝুলন্ত অবস্থায় টোটোচালক প্রশান্ত রায়ের মৃতদেহ উদ্ধার করে আশিঘর ফাঁড়ির পুলিশ। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, তিনমাস আগে প্রশান্তবাবুর বিয়ে হয়েছিল। এদিন সকালে তাঁর স্ত্রী অবশ্য বাড়ি ছিলেন না। কী কারণে তাঁর মৃত্যু হল তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। পুলিশ জানিয়েছে, মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

শিক্ষক সমিতির স্মারকলিপি

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির দার্জিলিং জেলা কমিটির পক্ষ থেকে মঙ্গলবার প্রাথমিক বিদ্যালয় সংসদের সভাপতি ও সচিবকে একটি স্মারকলিপি দেওয়া হয়। স্মারকলিপিতে প্রাথমিক শিক্ষকদের কেন্দ্রীয় সরকারের হারে ৫৪ শতাংশ ভাতা প্রদান ও টিচার-ইন-চার্জদের বিশেষ সাম্মানিক ভাতার ব্যবস্থা করা সহ আরও ১২ দফা দাবি জানানো হয়। এদিনের কর্মসূচিতে নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির দার্জিলিং জেলা শাখার সম্পাদক নবচন্দ্র দেব সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সূর্য সেন কলেজে অনুষ্ঠান

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ প্রতিষ্ঠা দিবসের আগে কলেজে নানারকমের প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের আয়োজন করল সূর্য সেন মহাবিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী ১৮ সেপ্টেম্বর কলেজের প্রতিষ্ঠা দিবস। সেই উপলক্ষ্যে মঙ্গলবার কলেজে গান, এক্সটেম্পো ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে কলেজের তিনটি বর্ষের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন। কলেজের অধ্যক্ষ প্রণবকুমার মিশ্র জানান, সোমবার কলেজের ২০তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান হবে। এই উপলক্ষ্যে মঙ্গল ও বুধবার কলেজে ছাত্রছাত্রীদের জন্য নানা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিষ্ঠা দিবসের দিন বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

সবার জন্য রকমারি পোশাক ভি মার্টে

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ সেবক রোডের 'ভি মার্ট' পুজোয় পুরুষ, মহিলা ও ছোটোদের জন্য হরেক রকমের অত্যাধুনিক পোশাকের সম্ভার নিয়ে এসেছে। পুরুষ ও মহিলাদের জন্য রয়েছে ক্যাজুয়াল শার্ট, প্যান্ট, চুড়িদার, শাড়ির প্রচুর কালেকশন। ছোটোদের জন্য রংবেরংয়ের নানা পোশাক রয়েছে। ৯৯৯ টাকা ও তার বেশি টাকার কেনাকাটায় ক্রেতাদের জন্য নানা উপহারের ব্যবস্থা করা হয়েছে।

পুজো উপলক্ষ্যে লাকি ড্র কুপনের ব্যবস্থাও করা হয়েছে। ভাগ্যবান বিজেতা লাকি ড্রয়ের মাধ্যমে একটি গাড়ি জিতে নিতে পারেন। ভি মার্টে ঘর সাজানোর নানা সামগ্রী, ফ্যান্সি জুতো, খেলনা সহ আরও অনেক কিছুর সম্ভারই রয়েছে। ক্রেতারা যাতে মনমতো সামগ্রী কিনতে পারেন সেজন্য সবকিছুর দাম সবার সাধ্যের মধ্যেই রাখা হয়েছে।

বেহাল ফুলেশ্বরী আন্ডারপাস, সংস্কারের দাবি বাসিন্দাদের

জলমগ্ন ফুলেশ্বরী আন্ডারপাসের ছবিটি তুলেছেন তপন দাস।

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর ঃ বছর দেড়েক আগেই শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের (এসজেডিএ) উদ্যোগে ফুলেশ্বরী আন্ডারপাসের প্রয়োজনীয় সংস্কার করা হয়েছিল। সিমেন্ট দিয়ে আন্ডারপাাসের নীচের রাস্তা ঢালাই সহ ভাঙা এলাকা মেরামত ও সৌন্দর্যকরণের কাজ করা হয়েছিল। বেশ কয়েক লক্ষ টাকা খরচে কাজটি করা হয়। কিন্তু মাত্র দেড় বছরেই আন্ডারপাসের অবস্থা ফের বেহাল হয়ে পড়েছে। হাইড্রেনের জল এসে আন্ডারপাসে জমে থাকছে। এর জেরে এলাকার বাসিন্দাদের মধ্যে ব্যাপক ক্ষোভ ছড়িয়েছে। এই আন্ডারপাসটি যাঁরা ব্যবহার করেন তাঁরা শীঘ্রই এটি সংস্কারের দাবি জানিয়েছেন। পাশাপাশি, কেন মাত্র দেড় বছরেই রাস্তার অবস্থা বেহাল হল তা নিয়ে তাঁরা তদন্তের দাবিও জানিয়েছেন। এসজেডিএ-র মুখ্য কার্যনির্বাহী আধিকারিক দীপাপ প্রিয়া পি বলেন, 'আমরা রেলের কাছ থেকে সমস্যার বিষয়টি জানতে পারি। এরপর গিয়ে সমীক্ষা করে আন্ডারপাস সংস্কারের নির্দেশ দেওয়া হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে।'

প্রসঙ্গত, দীর্ঘদিন ধরেই ফুলেশ্বরী আন্ডারপাস বেহাল হয়ে পড়ে রয়েছে। আন্ডারপাসের নীচের রাস্তার সিমেন্টের ঢালাই ভেঙে গিয়ে বড়ো বড়ো গর্ত তৈরি হয়েছে। হাইড্রেনের জল চুইয়ে এসে এই গর্তগুলিতে জমা হচ্ছে। গর্তগুলিতে প্রায় ২৪ ঘণ্টা ধরেই জল জমে থাকছে। অভিযোগ, এর জেরে এই এলাকায় প্রায়ই দুর্ঘটনা লেগে থাকছে। এছাড়াও আন্ডারপাস থেকে কিছুটা দূরেও বড়ো বড়ো গর্ত তৈরি হয়েছে। সব মিলিয়ে ফুলেশ্বরী আন্ডারপাসের দশা বিপজ্জনক হয়ে দাঁড়িয়েছে। বাসিন্দাদের অভিযোগ, সবকিছু জানা থাকা সত্ত্বেও সমস্যা মেটাতে প্রশাসন কোনো পদক্ষেপই করছে না। এর জেরে বাসিন্দাদের মধ্যে ব্যাপক ক্ষোভ ছড়িয়েছে। অবিলম্বে ফুলেশ্বরী আন্ডারপাস সংস্কারের দাবি জোরালো হয়েছে।

উল্লেখ্য, বছর দেড়েক আগে ফুলেশ্বরী আন্ডারপাস ঠিক একইরকম বেহাল অবস্থায় ছিল। সেইসময় এসজেডিএ আন্ডারপাস সংস্কারের দায়িত্ব নেয়। সংস্কারকাজ শুরু হওয়ার কিছুদিনের মধ্যেই অবশ্য সেই কাজ থমকে যায়। সেইসময় ফুলেশ্বরী আন্ডারপাসের বেহাল দশা নিয়ে উত্তরবঙ্গ সংবাদে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। প্রকাশিত খবরের জেরে সংস্থা কাজ শেষে উদ্যোগী হয়। সিমেন্ট দিয়ে ঢালাই করে রাস্তা তৈরি করা হয়। পাশাপাশি, আন্ডারপাসের সংস্কার ও সেটি রং করা হয়। কিন্তু মাত্র দেড় বছরের মধ্যেই আন্ডারপাসের রাস্তা বেহাল হয়ে পড়ায় এনিয়ে ব্যাপক ক্ষোভ ছড়িয়েছে।

তৈরি হয়েছে মরণফাঁদ